ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৫৭
খোয়াই,২৯ অক্টোবর,২০২৫

**খোয়াই জিলা পরিষদের সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

আজ জিলা পরিষদের কনফারেন্স হলে খোয়াই জিলা পরিষদের সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। স্থায়ী কমিটির সভাপতি বর্ষা দেববর্মা (শীল)র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত), সহকারি সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, স্থায়ী কমিটির সদস্যগণ, জিলা পরিষদের সদস্যসচিব উত্তম দাস বৈষ্ণব এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

বৈঠকে জেলা ওয়েলফেয়ার আধিকারিক জানান, জেলার ৬টি ব্লক এলাকার ৩৭টি ভিলেজে প্রধানমন্ত্রী আদি আদর্শ গ্রাম যোজনা কর্মসূচি রূপায়িত হচ্ছে। এজন্য বিভিন্ন ব্লকে ৩ কোটি ৭৭ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। বৈঠকের সভাপতি বর্ষা দেববর্মা (শীল) বক্তব্য রাখতে গিয়ে সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা যাতে প্রকৃত সুবিধাভোগীদের কাছে গিয়ে পৌঁছায় সে বিষয়ে নজর রাখার জন্য বিভিন্ন দপ্তরের আধিকারিকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

*****